রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, ডিসেম্বর ১, ২০২০**

[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**

সেতু বিভাগ

**প্রশাসন অধিশাখা**

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ আশ্বিন ১৪২৭/৩০ সেপ্টেম্বর ২০২০

নং ৫০.০০.০০০০.২০১.১৪.০৭৪.১২.৫৫—পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের পুনর্বাসন এলাকায় ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে প্লট বরাদ্দ নীতিমালার (সংশোধিত ২০১৭) বাণিজ্যিক প্লট বরাদ্দ সংক্রান্ত ৮ নং অনুচ্ছেদে কিছু সংশোধন ও সংযোজন আনয়ন করা হয়েছে যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। বর্ণিত নীতিমালার বাণিজ্যিক প্লট বরাদ্দ সংক্রান্ত ৮ নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে। নীতিমালার অন্যান্য সকল অনুচ্ছেদ অপরিবর্তীত থাকবে।

৮.১ (ক) জমির মালিকানাসহ শিল্প প্রতিষ্ঠান, ব্যবসায়িক প্রতিষ্ঠান হারানো ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে পুনর্বাসন সাইটে প্রাপ্যতা অনুযায়ী প্রাধিকারভিত্তিতে বসতভিটা শ্রেণির হারে মূল্য প্রদান সাপেক্ষে একটি বাণিজ্যিক প্লট বরাদ্দ দেওয়া যাবে। তবে উক্ত প্রতিষ্ঠানে একাধিক অংশীদার থাকলেও প্রতিষ্ঠানের সকল অংশীদারদের অনুকূলে একটি প্লট বরাদ্দ দেওয়া হবে। বাণিজ্যিক প্লটের জন্য যোগ্য ব্যক্তিগণের সংখ্যা প্লটের সংখ্যার চেয়ে বেশি হলে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে যোগ্য ব্যক্তিদের উপস্থিতিতে লটারীর মাধ্যমে প্লট বরাদ্দ দেয়া হবে। বাণিজ্যিক প্লট পাওয়ার যোগ্য ব্যক্তিদের নিকট হতে আবাসিক প্লট বরাদ্দের ন্যায় আবেদন করতে হবে।

৮.১ (খ) জমির মালিকানাসহ শিল্প প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান হারানো ক্ষতিগ্রস্ত ব্যক্তির আবেদনের সংখ্যা প্লটের চেয়ে বেশি হলে যোগ্যদের মধ্যে লটারীর মাধ্যমে প্লট বরাদ্দ দেয়া হবে। কিন্তু আবেদন সংখ্যা প্লটের চেয়ে কম হলে প্রথমে অগ্রাধিকার ভিত্তিতে প্রাপ্যযোগ্যদের প্লট বরাদ্দ দেয়া হবে এবং



মূল্য : টাকা ৪.০০

অবশিষ্ট বাণিজ্যিক প্লট উন্মুক্ত মার্কেট শেডে স্থান প্রাপ্যযোগ্যদের মাঝে একই নিয়মে লটারীর মাধ্যমে বরাদ্দ দেয়া হবে। ইতোমধ্যে যারা উন্মুক্ত মার্কেট শেডে স্থান বরাদ্দ পেয়েছে তারাও লটারীতে অংশগ্রহণ করতে পারবেন। তবে কোন ব্যক্তি এই সুবিধা গ্রহণ করে লটারীতে বিজয়ী হয়ে বাণিজ্যিক প্লট প্রাপ্ত হলে তাঁর অনুকূলে পূর্বের উন্মুক্ত মার্কেট শেডে স্থান বরাদ্দটি বাতিল বলে গণ্য হবে।

৮.১ (গ) বাণিজ্যিক প্লটের সাইজ সংশ্লিষ্ট আরএস এর ডিজাইন অনুযায়ী প্রযোজ্য হবে। বাণিজ্যিক প্লটের মূল্য হবে আবাসিক প্লটের ন্যায়।

৮.১ (ঘ) প্লট প্রাপ্তির পর দোকান/ব্যবসা প্রতিষ্ঠান নির্মাণ করে একটানা তিন বছর প্রাপ্ত প্লটে ব্যবসা পরিচালনা করলে তার নামে বাণিজ্যিক প্লটের রেজিস্ট্রেশন প্রদান করা হবে এবং অন্যান্য নিয়মাবলী আবাসিক প্লটের ন্যায় প্রযোজ্য হবে।

৮.২(ক) জমির মালিকানাবিহীন শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠান হারানোর ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণকে এবং শিল্প প্রতিষ্ঠান/ব্যবসায়িক প্রতিষ্ঠানের জমি ও অবকাঠামো স্বত্বাধিকারী নয় কিন্তু ভাড়ায় পরিচালিত ব্যবসায়িক আয় হারানোর ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণকে প্রাপ্যতা অনুযায়ী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত বাৎসরিক ভাড়ার ভিত্তিতে পুনর্বাসন সাইটের উন্মুক্ত মার্কেট শেডে ব্যবসা পরিচালনার জন্য প্রকল্প কর্তৃক নির্ধারিত পরিমাণ জায়গা বরাদ্দ দেয়া যাবে।

(খ) ৮.১ এবং ৮.২ (ক) অনুচ্ছেদে বর্ণিত বাণিজ্যিক প্লটের জন্য আবেদনকারীগণের আবেদন সংখ্যা যদি বরাদ্দযোগ্য বাণিজ্যিক প্লট এর চেয়ে বেশি হয়, তবে সকল আবেদন যাচাই-বাছাইপূর্বক বাণিজ্যিক প্লট/মার্কেট শেডে জায়গা এর সংখ্যা/পরিমাণ অনুযায়ী বাণিজ্যিক প্লট পাওয়ার যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারীর মাধ্যমে প্লট বরাদ্দ প্রদান করা হবে।

(গ) দোকানের প্লট এবং মার্কেট শেডের জায়গায় আবেদন প্রাপ্যতা অনুযায়ী আলাদা আলাদাভাবে লটারীর ব্যবস্থা করা হবে। একই ব্যক্তি উভয় জায়গাতে/একাধিক পুনর্বাসন সাইটে মার্কেট শেডে জায়গা/দোকানের প্লট পাওয়ার যোগ্য হবে না।

(ঘ) পদ্মা সেতু প্রকল্প কর্তৃক দোকানের জন্য/মার্কেট শেডে জায়গার জন্য নির্দিষ্ট মেয়াদের সময় দিয়ে আবেদন প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রদান করবে। উক্ত বিজ্ঞপ্তি প্রচারের পর নির্দিষ্ট মেয়াদের মধ্যেই আগ্রহী আবেদনকারীগণকে আবেদন করতে হবে। পরবর্তীতে প্রাপ্ত সকল আবেদন বাছাইপূর্বক দোকানের প্লট বরাদ্দের কার্যক্রম শুরু হবে।

৮.২ (ঙ). ধারা ৮.১ (খ) অনুসরণ করে (প্রযোজ্য ক্ষেত্রে) উন্মুক্ত মার্কেট শেডের জন্য যোগ্য আবেদনকারীদের মাঝে সকল বাণিজ্যিক প্লট বরাদ্দের কাজ সম্পন্ন হওয়ার পরে উন্মুক্ত মার্কেট শেডে স্থান বরাদ্দের ক্ষেত্রে স্থান প্রাপ্যযোগ্যদের সংখ্যা কম হলে তাদের সরাসরি উন্মুক্ত মার্কেট শেডে স্থান বরাদ্দ প্রদান করা হবে। আবেদন বেশি হলে লটারীর মাধ্যমে স্পেস/স্থান বরাদ্দ দেয়া হবে।

৮.২ (চ) উন্মুক্ত মার্কেট শেডের প্রতিটি পজিশনের বাৎসরিক ভাড়া প্রথম বছর হবে ১০০০/- (এক হাজার) টাকা। পরবর্তীতে উক্ত ভাড়া বাজার মূল্যের ভিত্তিতে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী (পুনর্বাসন) এর সুপারিশক্রমে নির্ধারণপূর্বক সেতু কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সার্কুলার অনুসারে ধার্য ও আদায়যোগ্য হবে। সংশ্লিষ্ট পুনর্বাসন সাইটের ব্যবস্থাপনা কমিটি উন্মুক্ত বাণিজ্যিক স্পেসের ভাড়া আদায় করে সেতু কর্তৃপক্ষের নিকট জমা দিবে। প্রতিটি মার্কেট সেডে ৯ × ১০ = ৯০ বর্গফুটের ২৪ টি উন্মুক্ত বাণিজ্যিক স্পেস থাকবে।

৮.২ (ছ) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী (পুনর্বাসন) বাৎসরিক ভিত্তিতে বরাদ্দপত্র নবায়ন করবে। কোন পজিশন গ্রহীতা বরাদ্দপত্র বিধি নিয়মাবলী লঙ্ঘন করলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী (পুনর্বাসন) নোটিশ প্রদান সাপেক্ষে তার বরাদ্দ বাতিল করতে পারবে।

৮.২ (জ) বাজারের পরিচ্ছন্নতা ও নিরাপত্তার বিষয়ে সংশ্লিষ্ট পুনর্বাসন সাইট ব্যবস্থাপনা কমিটি ব্যবসায়ীদের সাথে আলোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৮.৩ ধারা ৮.১ ও ৮.২ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে বাণিজ্যিক প্লট/উন্মুক্ত বাণিজ্যিক স্পেস বরাদ্দের পরও যদি কোন আরএস বা আরএস সমূহে বাণিজ্যিক প্লট বা উন্মুক্ত বাণিজ্যিক স্পেস অবশিষ্ট থেকে যায় তবে অন্য পুনর্বাসন সাইটে লটারীতে বাদ পড়া ব্যক্তিদের মধ্যে যারা আগ্রহী তাদের মধ্যে সরাসরি বা লটারীর মাধ্যমে প্লট/স্পেস বরাদ্দ করা হবে। এরপরও প্লট বা স্পেস পূরণ না হলে বাণিজ্যিক জায়গা বা অবকাঠামোর সিসিএল প্রাপ্ত নহে, কিন্তু বিআইডিএস/সিইজিআইএস জরিপের তালিকায় ব্যবসায়িক আয় হারানোর ফলে ক্ষতিগ্রস্ত হিসেবে নাম আছে এমন ব্যক্তিদের তালিকা তৈরি করে লটারীর মাধ্যমে অবশিষ্ট বাণিজ্যিক প্লট/উন্মুক্ত বাণিজ্যিক স্পেস বরাদ্দ করা যাবে।

৮.৪ বাণিজ্যিক প্লটের জন্য আবেদনপত্র দাখিল, বাছাই, অনুমোদন বরাদ্দ ও রেজিস্ট্রেশন প্রদানের জন্য এই নীতিমালার ৪, ৫, ৬ নং অনুচ্ছেদে বর্ণিত নিয়মাবলী প্রযোজ্য হবে।

৮.৫ ক্ষতিগ্রস্ত ব্যক্তি সাময়িকভাবে বাণিজ্যিক প্লট বরাদ্দ প্রাপ্তির পর বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে প্লটের লিজ মূল্য ২.৩ অনুচ্ছেদে উল্লিখিত হারে পরিশোধ করবেন। উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর হিসাবে জমা হওয়ার পর নির্বাহী প্রকৌশলী (পুনর্বাসন) পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

৮.৬ বাণিজ্যিক প্লটের জন্য লিজ মূল্য জমাদানের পর বরাদ্দপ্রাপ্ত ব্যক্তিকে ৪৫ দিনের মধ্যে নির্বাহী প্রকৌশলী (পুনর্বাসন) কর্তৃক প্লটের দখল বুঝিয়ে দেয়া হবে।

৮.৭ উন্মুক্ত মার্কেট শেডের দোকানসমূহে ১৫% ক্ষতিগ্রস্ত পরিবারের মহিলাদের জন্য সংরক্ষিত থাকবে। তবে যদি মহিলাদের বরাদ্দ প্রদানের পর খালি থাকে তা ক্ষতিগ্রস্ত পুরুষদের মাঝে বিতরণ করা যাবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এইচ. এম. রকিব হায়দার**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd